ক্রমিক নং-

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## নগর ভবন, ঢাকা

## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী (পিসিএসপি)
নিবন্ধনের আবেদনপত্র
(ওয়ার্ড নং-৭২)
সংশোধিত

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
## বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ
(ওয়ার্ড নং-৭২)

### প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী (পিসিএসপি) নিবন্ধনের আবেদন পত্র

১. প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

২. স্বত্বাধিকারী/আবেদনকারীর নাম ঃ

৩. পিতা/স্বামীর নাম ঃ

৪. মাতার নাম ঃ

৫. স্থায়ী ঠিকানা ঃ

৬. বর্তমান ঠিকানা ঃ

৭. জাতীয় পরিচয়/জন্ম নিবন্ধন নম্বর ঃ

৮. মোবাইল নম্বর ঃ

৯. ট্রেড লাইসেন্স নম্বর ঃ

১০. ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে) ঃ

১১. ইটিআইএন নম্বর ঃ

১২. পিসিএসপি সেবা প্রদানের এলাকা ঃ

| ওয়ার্ড নং | অঞ্চল | থানা |
|---|---|---|
| | | |

১৩. পে-অর্ডার- ঃ

| নম্বর | ব্যাংকের নাম | শাখা | তারিখ |
|---|---|---|---|
| | | | |

১৪. জনবল, যানবাহন ও অভিজ্ঞতার তথ্য ঃ

| ক্র.নং | বিবরণ | পরিমান/সময় | | | |
|---|---|---|---|---|---|
| | | চাহিত | মালিকানাধীন/ভাড়ায় (পূরণ করতে হবে) | | |
| ক. | ভ্যান গাড়ী | ২০ টি | | | |
| খ. | যান্ত্রিক বাহন (কাভার্ড পিক-আপ) | ০২ টি | | | |
| গ. | পরিচ্ছন্ন কর্মী | ৪০ জন | | | |
| ঘ. | অভিজ্ঞতা | ০১ বছর | বছর | অঞ্চল | ওয়ার্ড |
| | | | | | |

ম এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত তথ্যাদি আমার জানা মতে নির্ভুল ও সত্য। ডিএসসিসি কর্তৃপক্ষ আবেদন সম্পর্কিত এ কোন ধরণের অসঙ্গতির কারণে পিসিএসপি'র নিবন্ধন বাতিল করিতে পারিবেন। আমি ডিএসসিসি'র সকল আইন, বিধিমালা মানিয়া চলিব এবং ডিএসসিসি কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনা ও শর্তাবলী মোতাবেক পিসিএসপি'র সেবা পরিচালনা করিতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/আবেদনকারীর স্বাক্ষর/সীল

তারিখ-





CamScanner

# "বাধ্যতামূলক শর্তাবলী"

০১) আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট ওয়ার্ডের হোল্ডিং/বাসা/ফ্ল্যাট সংখ্যা এবং উৎপাদিত বর্জ্যের পরিমানের একটি জরিপ প্রতিবেদন দাখিল করিতে হবে।

০২) আবেদন পত্রের সাথে ওয়ার্ডের জনপ্রতিনিধি অথবা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাদসিকের অভিজ্ঞতা/সন্তোষজনক সেবা প্রদানের প্রত্যয়নপত্র দাখিল করিতে হবে।

০৩) মালিকানাধীন ভ্যান গাড়ী, যান্ত্রিক বাহন ও জনবল সংখ্যা এবং নূন্যতম ০১ বছরে ০১টি অনুরূপ কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

০৪) জনবলের জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র ও যানবাহনের মালিকানা অথবা ভাড়ায় পরিচালনা সংক্রান্ত তথ্যাদির প্রামাণক দাখিল করিতে হইবে।

০৫) সঠিকভাবে পূরণকৃত আবেদন পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে), হালনাগাদ আয়কর সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ দাখিল করিতে হবে।

০৬) আবেদনপত্রের সাথে প্রাথমিক বর্জ্য সেবা সংগ্রহ কাজের জন্য পিসিএসপি প্রতিষ্ঠানের অনুকূলে ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত নূন্যতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার লিকুইড অর্থ ব্যাংক গ্যারান্টি অথবা ক্রেডিট ফ্যাসিলিটি আকারে জমা প্রদান করিতে হইবে।

০৭) আবেদনপত্রের সাথে পিসিএসপি প্রতিষ্ঠানের গত ০৩ বছরের বাৎসরিক গড় টার্ন ওভার হিসেবে সর্বনিম্ন ৪,৫০,০০০/- (টাকা চার লক্ষ পঞ্চাশ মাত্র) এবং সর্বোচ্চ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা দাখিল করিতে হইবে।

০৮) এলাকার প্রতি বাসা-বাড়ী/ফ্ল্যাট হতে মাসিক সর্বোচ্চ টাঃ ১০০/- (টাকা একশত মাত্র) হারে পিসিএসপি সেবা পরিচালনাকারী প্রতিষ্ঠান সেবা মূল্য গ্রহণ করিতে পারিবেন, অতিরিক্ত টাকা গ্রহণ করা যাইবে না।

০৯) ০৩ মাস অন্তর অন্তর সেবা মূল্য আদায়ের হিসাব প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর দাখিল করিতে হবে।

১০) বাৎসরিক এককালীন নিবন্ধন মূল্য নূন্যতম টাঃ ৪,৫০,০০০/- (টাকা চার লক্ষ পঞ্চাশ মাত্র) এবং সর্বোচ্চ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, মেয়র/প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। তবে এক্ষেত্রে ভিত্তি মূল্য ৪,৫০,০০০/- (টাকা চার লক্ষ পঞ্চাশ মাত্র) এর অধিক জমা করিলে দরপত্র দাতাকে কর্তৃপক্ষ দরপত্র মূল্যায়নে অগ্রাধিকার বিবেচনা করিতে পারিবে।

১১) পিসিএসপি প্রতিষ্ঠান মূল্যায়নের ক্ষেত্রে কারিগরি বিষয়ে স্কোর ৭০% এবং আর্থিক বিষয়ে ৩০% গণ্য করা হইবে। এক্ষেত্রে কারিগরি বিষয়ে পাশ মার্ক হইবে শতকরা ৬০ নম্বর।

১২) পিসিএসপি প্রতিষ্ঠান মূল্যায়নের ক্ষেত্রে প্রথম পর্যায়ে কারিগরি বিষয় মূল্যায়ন করা হইবে। মূল্যায়নে উত্তীর্ণ প্রতিষ্ঠানসমূহ পরবর্তী পর্যায়ে আর্থিক মূল্যায়নের জন্য বিবেচনা করা হইবে। কারিগরিভাবে অনুত্তীর্ণ প্রতিষ্ঠান বাতিল বলিয়া গণ্য হইবে এবং কোন অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হইবে না। কারিগরিভাবে উত্তীর্ণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে কারিগরি ও আর্থিক বিষয়ে সম্মিলিতভাবে সর্বোচ্চ নম্বর বা স্কোর প্রাপ্ত পিসিএসপি প্রতিষ্ঠান চূড়ান্তভাবে নির্বাচিত হইবে।

১৩) প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের জন্য সরকার কর্তৃক নির্ধারিত শ্রমিক মজুরি ও অন্যান্য ভাতাদি প্রদানে পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বাধ্য থাকিবে। এক্ষেত্রে শিশু শ্রমিক (১৪ অথবা ১৪ বছরের নিচে) নিয়োগ প্রদানে বিরত থাকিতে হইবে।

১৪) বর্জ্য সংগ্রহে যে কোন প্রকার অভিযোগ বা অবহেলা/গাফিলতি পাওয়া বা পরিলক্ষিত হলে কারণ দর্শানোর নোটিশ জারি করা যাইবে। নূন্যতম ০৩ টি কারণ দর্শানোর নোটিশ প্রাপ্ত হলে এবং নোটিশের জবাব ডিএসসিসি কর্তৃক সন্তোষজনক না হলে চুক্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৫) বিগত বছরে নিয়োজিত পিসিএসপি প্রতিষ্ঠান কারণ দর্শানোর নোটিশ প্রাপ্ত হইলে এবং এর অনুকূলে কোন সন্তোষজনক জবাব পরিলক্ষিত না হইলে তার আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হইবে না।

১৬) বর্জ্য সংগ্রহ কাজে স্থানীয়ভাবে কোনরূপ বিরোধ সৃষ্টি হইলে নিজস্ব ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে নিষ্পত্তি করিতে হইবে। কোনভাবে ডিএসসিসি কর্তৃপক্ষ দায়ভার বহন করবে না।

১৭) পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কোনক্রমেই মালিকানা পরিবর্তন করিতে পারিবে না। মালিকানা পরিবর্তন অথবা উপ-চুক্তি (Sub-Contract) করিলে পিসিএসপি সেবা প্রদানের চুক্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৮) আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ওয়ার্ডের সরবরাহকৃত সীমানা ম্যাপ এর বাহিরে পিসিএসপি সেবা প্রদান করা যাইবে না। অন্যথায় অনুমতি পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৯) কর্তৃপক্ষ (বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ) যে কোন সময় পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের চুক্তির শর্তাদির যে কোন পরিবর্তন অথবা চুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

২০) ওয়ার্ডের জনপ্রতিনিধি অথবা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাদসিকের অভিজ্ঞতা/সন্তোষজনক সেবা প্রদানের প্রত্যয়নপত্র অগ্রাধিকার হিসেবে বিবেচিত হইবে।

২১) পিসিএসপি সেবা প্রদানের জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট ওয়ার্ডে জন্মসূত্রে অথবা পৈত্রিকসূত্রে স্থায়ী বাসিন্দা অথবা অস্থায়ী বাসিন্দা অথবা উক্ত ওয়ার্ড সংশ্লিষ্ট থানার ভোটার হইতে হইবে। অস্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে আবশ্যিকভাবে উক্ত ওয়ার্ড বা ওয়ার্ড সংশ্লিষ্ট থানার ভোটার কার্ড বা নাগরিকত্ব সনদ প্রদান করিতে হইবে। এছাড়া আবেদনকারী/তার পরিবারের সদস্যদের নামে হালনাগাদ হোল্ডিং ট্যাক্স/ নাগরিকত্ব সনদ প্রামাণক হিসেবে গণ্য করা হইবে। অন্যথায় আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২২) একের অধিক ওয়ার্ডে একই মালিকানাধীন অথবা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠানের আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।



CamScanner

## "সাধারণ শর্তাবলী"

০১) প্রতি ওয়ার্ডে ০১ (এক) টি পিসিএসপি প্রতিষ্ঠান/সংস্থাকে বাৎসরিক ভিত্তিতে নিয়োগ করা হবে।

০২) প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) কোন প্রকার আর্থিক সহায়তা প্রদান করিবে না।

০৩) পিসিএসপি প্রতিষ্ঠানকে সন্ধ্যা ৬ টা হতে রাত ১০ টার মধ্যে অন্তর্বর্তীকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র/কন্টেইনারে বর্জ্য অপসারণ করিতে হইবে। রাত ১০ টার পর স্থানগুলোতে পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক বর্জ্য ফেলা যাইবে না।

০৪) সংশ্লিষ্ট এলাকার সম্মানিত কাউন্সিলর/জনপ্রতিনিধি/আঞ্চলিক কার্যালয় এবং বিভিন্ন অংশীজনের সহিত পিসিএসপি সমন্বয় সাধন করিবে এবং প্রতিদিন গৃহস্থালীর বর্জ্য সংগ্রহ করিবেন। পিসিএসপি নিজ খরচে, নিজস্ব জনবল এবং পরিবহণ ব্যবস্থা ব্যবহার করে নির্দিষ্ট অন্তর্বর্তীকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র/কন্টেইনারে বর্জ্য পৌঁছাইয়া দিবে। অন্য কোথাও বর্জ্য রেখে/ফেলা যাইবে না।

০৫) পিসিএসপি প্রতিষ্ঠান এসটিএস/কন্টেইনার এর কাছে পুনঃপ্রক্রিয়াজাত সামগ্রি (বোতল, পলিথিন, প্লাস্টিক) পৃথক/আলাদা করিতে পারিবেন না। যদি প্রয়োজন হয়, তাহা হইলে পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এসটিএস/কন্টেইনার স্থানে এর কাছে পৌঁছানোর পূর্বেই পুনঃপ্রক্রিয়াজাতযোগ্য সামগ্রি আলাদা করিতে পারিবেন।

০৬) এসটিএস/কন্টেইনার এর চারপাশে সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্নতা পিসিএসপি প্রতিষ্ঠান কর্তৃক নিশ্চিত করিতে হইবে।

০৭) পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কোন ধরনের মেডিকেল বর্জ্য এসটিএস/কন্টেইনারে ফেলিতে পারিবে না।

০৮) বর্জ্য সংগ্রহকারী শ্রমিকদের স্বাস্থ্য ঝুঁকি রোধকল্পে মুখোশ, হাত মোজা, গামবুট ব্যবহার করিতে হইবে। এই কাজে কোন শিশু শ্রমিক নিয়োগ করা যাইবে না।

০৯) বর্জ্য সংগ্রেহর সময় রিক্সা ভ্যানের উপরে অবশ্যই ত্রিপল/ঢাকনা ব্যবহার করিতে হইবে।

১০) বাসা-বাড়ী হইতে সংগৃহীত গৃহস্থালীর বর্জ্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানের বাহিরে যেমন-সড়ক, নর্দমা, নীচু জায়গা (ডোবা-নালা) বা উন্মুক্ত স্থানে ফেলা যাইবে না।

১১) মাতুয়াইল ল্যান্ডফিলে সরাসরি বর্জ্য অপসারণের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানে নির্ধারিত সময়ের মধ্যে বর্জ্য অপসারণ করিতে হইবে। যত্রতত্র বা নির্ধারিত সময় ব্যতীত বর্জ্য অপসারণ করা যাইবে না।

১২) পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে জনগণের মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক জনসচেতনা বৃদ্ধির জন্য কর্মসূচী গ্রহণ করিতে হইবে।

১৩) নতুন পদ্ধতিতে বর্জ্য সংগ্রেহের (কম্পেক্টর ট্রাক কালেকশন) আওতাভূক্ত এলাকায় পিসিএসপি কাজ করিলে/করিতে চাইলে, অবশ্যই কম্পেক্টর ট্রাকের বর্জ্য সংগ্রেহের সময়, স্থান (কালেকশন ষ্টেশন), সরঞ্জামাদি (বালতি/বিন/বোল/ম্যাট ইত্যাদি) বিষয়ক নিয়ম/পদ্ধতি মেনে চলিতে হইবে তথা সরঞ্জমাদি নিশ্চিত করিতে হইবে।

১৪) প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়মিতভাবে পরিচ্ছন্ন পরিদর্শক, জনগণ, কমিউনিটি ইউনিটি, ওয়ার্কিং গ্রুপ ও এলাকার সামাজিক সংগঠনের সাথে যোগাযোগ রক্ষা করিবে।

১৫) বর্জ্য সংগ্রহ ব্যবস্থার যে কোন ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পিসিএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ডিএসসিসি-কে অবহিত করিবে।

১৬) পিসিএসপি প্রতি মাসের প্রথম সপ্তাহে আবেদনপত্রের সাথে সংযুক্ত ছক অনুযায়ী পূর্ববর্তী মাসের প্রতিবেদন আঞ্চলিক বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা/সহকারী বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপূর্বক প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বরাবর দাখিল করিতে হবে।

১৭) যে সকল প্রতিষ্ঠান বর্জ্য সংগ্রেহে ও স্থানান্তর কেন্দ্রে আনয়ন কল্পে যান্ত্রিক বাহন ব্যবহার করবে তাদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/আবেদনকারীর স্বাক্ষর/সীল
তারিখ-



CS CamScanner

# আবেদনপত্র মূল্যায়নের বিবেচ্য বিষয়সমূহ

**ক) কারিগরি প্রস্তাবসমূহঃ**

- সংশ্লিষ্ট ওয়ার্ডের হোল্ডিং/বাসা/ফ্ল্যাট সংখ্যা এবং উৎপাদিত বর্জ্যের পরিমানের একটি জরিপ প্রতিবেদন
- ওয়ার্ডের জনপ্রতিনিধি অথবা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাদসিকের অভিজ্ঞতা/সন্তোষজনক সেবা প্রদানের প্রত্যয়নপত্র
- মালিকানাধীন ভ্যান গাড়ী, যান্ত্রিক বাহন ও জনবল সংখ্যা এবং কাজের অভিজ্ঞতাকাল
- সঠিকভাবে পূরণকৃত আবেদন পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে), হালনাগাদ আয়কর সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন প্রত্যয়ন পত্র
- আবেদনপত্রের সাথে প্রাথমিক বর্জ্য সেবা সংগ্রহ কাজের জন্য পিসিএসপি প্রতিষ্ঠানের অনুকূলে ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত নূন্যতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার লিকুইড অর্থ ব্যাংক গ্যারান্টি অথবা ক্রেডিট ফ্যাসিলিটি আকারে জমা প্রদান করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে পিসিএসপি প্রতিষ্ঠানের গত ০৩ বছরের বাৎসরিক গড় টার্ন ওভার হিসেবে সর্বনিম্ন ৪,৫০,০০০/- (টাকা চার লক্ষ পঞ্চাশ মাত্র) এবং সর্বোচ্চ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা দাখিল করিতে হইবে।
- পিসিএসপি প্রতিষ্ঠান মূল্যায়নের ক্ষেত্রে প্রথম পর্যায়ে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করা হইবে। মূল্যায়নে উত্তীর্ণ প্রতিষ্ঠানসমূহ পরবর্তী পর্যায়ে আর্থিক প্রস্তাবসমূহের মূল্যায়নের জন্য বিবেচনা করা হইবে। কারিগরিভাবে অনুত্তীর্ণ প্রতিষ্ঠান বাতিল বলিয়া গণ্য হইবে। এক্ষেত্রে কোন অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হইবে না। কারিগরি ও আর্থিক বিষয়ে সম্মিলিতভাবে সর্বোচ্চ নম্বর বা স্কোর প্রাপ্ত পিসিএসপি প্রতিষ্ঠান চূড়ান্তভাবে নির্বাচিত হইবে।

**কারিগরি বিষয়সমূহ মূল্যায়নে নিম্নরূপে নম্বর প্রদান করা হইবেঃ**

| ক্র.নং | কারিগরি বিষয় | নম্বর/স্কোর |
|---|---|---|
| ১. | জরিপ প্রতিবেদন | ১০ |
| ২. | অভিজ্ঞতা | ১২ |
| ৩. | ভ্যান গাড়ী, যান্ত্রিক বাহন ও জনবল | ৩৩ |
| ৪. | পূরণকৃত আবেদন পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে), হালনাগাদ আয়কর সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন প্রত্যয়ন পত্র | ২০ |
| ৫. | লিকুইড অর্থের ব্যাংক গ্যারান্টি অথবা ক্রেডিট ফ্যাসিলিটি | ১২.৫ |
| ৬. | বাৎসরিক টার্ন ওভার | ১২.৫ |
| | সর্বমোট= | ১০০ |

**খ) আর্থিক প্রস্তাবসমূহঃ**

- বাৎসরিক এককালীন নিবন্ধন মূল্য নূন্যতম টাঃ ৪,৫০,০০০/- (টাকা চার লক্ষ পঞ্চাশ মাত্র) এবং সর্বোচ্চ ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, মেয়র/প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডার জমা প্রদানের স্ক্যান কপি
- সর্বোচ্চ নিবন্ধন মূল্য দাখিলকারী পিসিএসপি প্রতিষ্ঠানের প্রদত্ত আর্থিক প্রস্তাব ১০০ নম্বর হইবে এবং অন্যান্য প্রস্তাবের ক্ষেত্রে আনুপাতিক হারে নম্বর দেয়া হইবে; সর্বোচ্চ আর্থিক প্রস্তাবের তুলনায় যে হারে অন্যান্যদের আর্থিক প্রস্তাব কম হইলে সেই হারে প্রদেয় নম্বর হ্রাস পাইতে থাকিবে

গ) প্রস্তাব মূল্যায়নের সম্মিলিত নম্বর প্রদানের নির্দেশনাবলির নমুনা উল্লেখ করা হলো :

| ক্র.ন. | কারিগরি প্রস্তাবের নম্বর | কারিগরি স্কোর (৭০%) | আর্থিক প্রস্তাবের নম্বর | আর্থিক স্কোর (৩০%) | সর্বমোট | অবস্থান |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১০০ | ১০০ X ৭০%= ৭০ | ১০০ | ১০০ X ৩০%= ৩০ | ১০০ | প্রথম |
| ২. | ৯০ | ৯০ X ৭০%= ৬৩ | ৮০ | ৮০ X ৩০%= ২৪ | ৮৭ | দ্বিতীয় |



CamScanner

# কারিগরি প্রস্তাব দাখিল ফরম (ফরম-ই)

বরাবর
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

বিষয় ঃ কারিগরি প্রস্তাব দাখিল প্রসঙ্গে।

মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, .............................. স্মারকে আহবানকৃত অনুরোধ পত্রের প্রেক্ষিতে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল......... ও ..........নং ওয়ার্ডে সরবরাহকৃত সীমানা ম্যাপ অনুযায়ী প্রাথমিক বর্জ্য সংগ্রহ পরিষেবা প্রদানের জন্য কারিগরি প্রস্তাব প্রযোজ্য শর্ত অনুযায়ী দাখিলের প্রস্তাব করছি। এক্ষেত্রে কারিগরি ও আর্থিক প্রস্তাব পৃথক ভাবে সংযুক্ত করা হয়েছে। উল্লেখ্য যে **কারিগরি প্রস্তাব মূল্যায়ন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি** নিম্নলিখিত ভাবে প্রস্তাবের সাথে সংলগ্নি আকারে সংযুক্ত করা হলো।

| ক্র.নং | কারিগরি বিষয় | সংলগ্নি |
|---|---|---|
| ১. | জরিপ প্রতিবেদন | 'ক' |
| ২. | অভিজ্ঞতা | 'খ' |
| ৩. | ভ্যান গাড়ী, যান্ত্রিক বাহন ও জনবল | 'গ' |
| ৪. | পূরণকৃত আবেদন পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে), হালনাগাদ আয়কর সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ | 'ঘ' |
| ৫. | লিকুইড অর্থের ব্যাংক গ্যারান্টি অথবা ক্রেডিট ফ্যাসিলিটি | 'ঙ' |
| ৬. | বাৎসরিক টার্ন ওভার | 'চ' |

আমার/আমাদের প্রস্তাবে দাখিলকৃত তথ্যাবলি সত্য ও সঠিক ভাবে উপস্থাপন করা হয়েছে। এক্ষেত্রে প্রস্তাবে উল্লেখিত তথ্যাদি কর্তৃপক্ষ কর্তৃক সরজমিনে পরীক্ষা বা নিরীক্ষার জন্য সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকবো। যদি আমার/আমাদের প্রস্তাব গৃহীত হয়, আমি/আমরা নিশ্চিত করছি যে, বাংলাদেশ সরকার অথবা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে সম্পাদিত চুক্তির আলোকে উক্ত পরিষেবা প্রদানে কোনরুপ প্রতারণামূলক, চক্রান্তমূলক বা বলপ্রয়োগমূলক কোন কার্যকলাপের অভিযোগ সংগঠিত হলে আমাকে/আমাদেরকে কর্তৃপক্ষ অযোগ্য ঘোষণ করতে পারেন। অধিকন্তু আমরা/আমাদের এ ধরণের কার্যকলাপে লিপ্ত না হওয়ার অঙ্গিকার করছি।

আমি/আমরা কর্তৃক আমাদের পূরণকৃত আবেদনপত্র ও কারিগরি প্রস্তাব তথা 'ফরম-ই' এর সাথে উপরে বর্ণিত কারিগরি প্রস্তাব মূল্যায়ন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সংলগ্নি আকারে নিম্নবর্ণিত ই-মেইলসমূহে প্রেরণ/দাখিল করা হয়েছে।

i. cwmo@dscc.gov.bd
ii. administrator@dscc.gov.bd
iii. ceo@dscc.gov.bd

বিনীত নিবেদক

তারিখ ঃ

স্বাক্ষর
সত্ত্বাধীকারির নাম ঃ
স্থায়ী ঠিকানা ঃ
প্রতিষ্ঠানের নাম,ঠিকানা ও ফোন নং ঃ



CamScanner

# আর্থিক প্রস্তাব দাখিল ফরম (ফরম-ঈ)

বরাবর
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

বিষয় ঃ আর্থিক প্রস্তাব দাখিল প্রসঙ্গে।

মহোদয়,
আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, .............................. স্মারকে আহবানকৃত অনুরোধ পত্রের প্রেক্ষিতে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল......... ও ..........নং ওয়ার্ডে সরবরাহকৃত সীমানা ম্যাপ অনুযায়ী প্রাথমিক বর্জ্য সংগ্রহ পরিষেবা প্রদানের জন্য আর্থিক প্রস্তাব তথা নিবন্ধন মূল্য ............................................ .........................(কথায় ও অংকে উল্লেখ করুন) দাখিলের প্রস্তাব করছি। উদ্ধৃত নিবন্ধনমূল্য ভ্যাট ও আয়কর ব্যতিত প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবের বৈধতার মেয়াদ ও মূল্যায়ন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাব বা নিবন্ধন মূল্যের পে-অর্ডার কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে। কারিগরিভাবে উত্তীর্ণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে আমার/আমাদের প্রস্তাব কারিগরি ও আর্থিক বিষয়ে সম্মিলিতভাবে সর্বোচ্চ নম্বর বা স্কোর প্রাপ্ত হয়ে নির্বাচিত হলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন উল্লেখিত ওয়ার্ডের জন্য প্রাথমিক বর্জ্য সংগ্রহকারি প্রতিষ্ঠান হিসেবে চুক্তি সম্পাদনে বাধ্য থাকবো। এক্ষেত্রে সর্বোচ্চ নম্বর বা স্কোর প্রাপ্ত না হলে কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নিবন্ধনমূলের অনুকূলে দাখিলকৃত পে-অর্ডার ফেরতের প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। আর্থিক প্রস্তাব মূল্যায়ন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্ন লিখিতভাবে প্রস্তাবের সাথে সংলগ্নি আকারে সংযুক্ত করা হলো।

| ক্র.নং | কারিগরি বিষয় | সংলগ্নি |
|---|---|---|
| ১. | নিবন্ধনের জন্য আর্থিক প্রস্তাবে উদ্ধৃত মূল্যের সমপরিমান অর্থ মেয়র/প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারটি (মূল কপি) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দপ্তর, নগর ভবন, ঢাদসিক বরাবর জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে পে-অর্ডারটির স্ক্যান কপি অনলাইনে জমা প্রদান করতে হবে | 'অ' |
| ২. | আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ | 'আ' |

আমার/আমাদের প্রস্তাবে দাখিলকৃত তথ্যাবলি সত্য ও সঠিক ভাবে উপস্থাপন করা হয়েছে। যদি আমার/আমাদের প্রস্তাব গৃহীত হয়, আমি/আমরা নিশ্চিত করছি যে, বাংলাদেশ সরকার অথবা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে সম্পদিত চুক্তির আলোকে উক্ত পরিষেবা প্রদানে কোনরুপ প্রতারণামূলক, চক্রান্তমূলক বা বল প্রয়োগমূলক কোন কার্যকলাপের অভিযোগ সংগঠিত হলে আমাকে/আমাদেরকে কর্তৃপক্ষ অযোগ্য ঘোষণা করতে পারেন। অধিকন্তু আমরা/আমাদের এ ধরণের কার্যকলাপে লিপ্ত না হওয়ার অঙ্গিকার করছি।

আমি/আমরা কর্তৃক আমাদের আর্থিক প্রস্তাব তথা 'ফরম-ঈ' এর সাথে নিবন্ধন মূল্যের পে-অর্ডার জমা প্রদানের স্ক্যান কপি এবং আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ সংলগ্নি আকারে নিম্নবর্ণিত ই-মেইলসমূহে প্রেরণ/দাখিল করা হয়েছে।

i. cwmo@dscc.gov.bd
ii. administrator@dscc.gov.bd
iii. ceo@dscc.gov.bd

বিনীত নিবেদক

তারিখ ঃ

স্বাক্ষর
সত্ত্বাধীকারির নাম ঃ
স্থায়ী ঠিকানা ঃ
প্রতিষ্ঠানের নাম,ঠিকানা ও ফোন নং ঃ



CamScanner

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ



CamScanner